উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
তারিখ ঃ ২৩/০২/২০২৫ ইং, সময় ঃ বিকাল ৩.০০ টা।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর মহোদয়ের কার্যালয়।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- সংযুক্ত: ক।

জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভার শুরুতে বিগত সভার কার্য বিবরণী পাঠ এবং সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অদ্যকার সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
০১	২০২৪-২৫ অর্থ বছরের উন্নয়নমূলক কাজের সঠিকভাবে তদারকি প্রসঙ্গে	২০২৪-২৫ অর্থ বছরের উন্নয়নমূলক কাজ যথা-নতুন ভবণ, সীমানা প্রাচীর, ওয়াশব্লক, রুটিন মেরামত এষ্টিমেট অনুযায়ী নির্মাণ সামগ্রী ব্যবহারের বিষয়ে জোর দেয়া হয়। সঠিকভাবে তদারকির জন্য এডহক কমিটির সদস্যবৃন্দ ও স্থানীয় ব্যক্তিবর্গের ভূমিকার বিষয়ে সভাপতি মহোদয় গুরুত্বারোপ করেন।	এষ্টিমেট অনুয়ায় নির্মাণ কাজ নিশ্চিত করার বিষয়ে প্রতি মাসে বিদ্যালয় মনিটরিং কমিটির মিটিং করে তার রেজুলেশনের কপি এবং কাজের অগ্রগতি প্রতিবেদন সভাপতি মহোদয় বরাবরে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও, প্রধান শিক্ষক
০২	প্রাথমিক শিক্ষার গুনগতমান উন্নয়ন	প্রাথমিক শিক্ষার গুনগতমান উন্নয়নে বিভিন্ন প্রকার কৌশল যেমন- সঠিক বর্ণ পড়া ও লেখা, রিডিং পড়া, বর্ণ সঠিকভাবে লেখা, যুক্ত বর্ণ আলোদা করে লেখা ইত্যাদি বিষয়ে গুরুত্ব দেয়া ও শিক্ষকগণের পারফরমেন্স মনিটরিং করার বিষয়ে সভায় অলোচনা হয়।	শিক্ষার্থীদের শিক্ষার গুনগত মান উন্নয়নে বিভিন্ন প্রকার কৌশল বাস্তবায়নে গুরুত্ব দেয়া ও শিক্ষকগণের পারফরমেন্স মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক
০৩	প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মা সমাবেশ ও উঠান বৈঠক করা প্রসঙ্গে	প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মা সমাবেশ ও উঠান বৈঠক জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। মায়েদের অসচেতনতা ও সমাবেশের দিন অনুপস্থিত থাকার কারনে মা সমাবেশ সফলভাবে সম্পন্ন করা যাচ্ছে না বলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয় সভায় সকলকে অবহিত করেন।	বিদ্যালয়ের প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মায়েদের সম্পৃক্তকরণ নিশ্চিতকল্পে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণকে সমাবেশের ৩ দিন আগে থেকে ব্যপক প্রচারনা চালানোর বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৩/০২/২৫
(ভুপালী সরকার)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার

CS CamScanner

স্মারক নং-উশিঅ/ঝিক/১৪৭(২)/(৮)

তারিখ-২৬/০২/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :-

১. জেলা প্রশাসক, যশোর।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর।
৪. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, শিমুলিয়া ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৫. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৬. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, হাজিরবাগ ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
৮. অফিস সংরক্ষণ নথি।

২৬/২/২৫

(সোহেলী ফেরদৌস)
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ও
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ঝিকরগাছা, যশোর

CamScanner

স্মারক নং- উশিঅ/ঝিকর/৯৪৭(২) তারিখ ঃ- ২৩/ ০২ /২০২৫ খ্রিঃ।

হাজিরা শীট-ক

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম ও পদবী	স্বাক্ষর
০১	প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর, সভাপতি, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০২	চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, শিমুলিয়া ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর, সদস্য, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০৩	চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর, সদস্য, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০৪	চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, মাগুরা ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর, সদস্য, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর ও সদস্য, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	
০৬	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝিকরগাছা, যশোর ও সদস্য সচিব, উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ঝিকরগাছা, যশোর।	

CS CamScanner